



বিষয়: যাকাত বিতরণ কমিটি ও যাকাত বিতরণ সংক্রান্ত নীতিমালা।

যাকাত ইসলামের ৫টি স্তম্ভের মধ্যে অন্যতম। মহান আলগাছ পবিত্র কোরআনে বলেছেন, জাকাত হলো কেবল নিঃস্ব, অভাবগ্রস্থ, জাকাত আদায়কারী (সদকা ভান্ডার পরিচালনাকারী) ও যাদের চিত্ত আকর্ষণ (যাদের হৃদয় সদ্য সত্য গ্রহণ করেছে) প্রয়োজন তাদের হক এবং তা দাস মুক্তির জন্য, ঋণ গ্রন্থদের জন্য, আল্লাহর পথে জেহাদকারীদের জন্য ও মুসাফিরদের জন্য, এই হলো আল্লাহর নির্ধারিত বিধান। আল্লাহ সর্বজ্ঞ প্রজ্ঞাময়। (-সূরা তওবা, আয়াত-৬০) ইসলামি শরীয়াহ মোতাবেক যাকাতের অর্থ নিঃস্ব, অভাবগ্রস্থ ব্যক্তি, তথা দরিদ্র থ্যালাসিমিয়া রোগীদের চিকিৎসা খাতে ব্যয় করা যেতে পারে, যার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের যাকাত ফান্ড চালু করে। পূর্বে একটি যাকাত কমিটির মাধ্যমে যাকাতের অর্থ বিতরণ করা হলেও কমিটির দায়-দায়িত্ব সুস্পষ্ট ছিল না। সময়ের চাহিদার প্রেক্ষিতে একটি সুনির্দিষ্ট নীতিমালায় যাকাতের অর্থ বিতরণের জন্য কমিটি পুনঃগঠনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় নতুনভাবে নিম্নোক্ত যাকাত কমিটি গঠন করা হল-

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন যাকাত বিতরণ কমিটি

ক্রমিক	নাম	পদবী
১	ডা. আমিনুল ইসলাম	আহ্বায়ক
২	নাসরিন ফেরদৌসি (রোগী প্রতিনিধি)	সদস্য
৩	মো: রশিদুল হক (রোগীর অভিভাবক প্রতিনিধি)	সদস্য
৪	মো: এনায়েত উল্লাহ (মুফতি)	সদস্য
৫	ডা. সাজিয়া ইসলাম (ডাক্তার প্রতিনিধি)	সদস্য
৬	বাসন্তি রাণী হালদার (নার্স প্রতিনিধি)	সদস্য
৭	আহাম্মেদ আবিদ সামছী খাঁন	সদস্য
৮	মো: সালাহ উদ্দিন	সদস্য সচিব

Aladun

